

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬৫০৩

৮১/ সদয় হওয়া (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৮১/৩৯. নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর বাণীঃ "আমাকে ও কিয়ামতকে পাঠানো হয়েছে এ দু'টি আঙ্গুলের মত ।" আল্লাহর ইরশাদঃ কিয়ামতের ব্যাপার তো চোখের পলকের মত বরং তাথেকেও দ্রুত। আল্লাহ সব কিছু করতেই সক্ষম। (সুরাহ নাহল ১৬/৭৭)

بَابِ قَوْلِ النَّبِيِّ ﷺ بُعِثْتُ أَنَا وَالسَّاعَةَ كَهَاتَيْنِ {وَمَآ أَمْرُ السَّاعَةِ إِلاَّ كَلَمْحِ الْبَصَرِ أَوْ هُوَ أَقْرَبُ إِنَّ اللهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ}

আরবী

سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ حَدَّتَنَا أَبُو غَسَّانَ حَدَّثَنَا أَبُو حَازِمٍ عَنْ سَهْلٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بُعِتْتُ أَنَا وَالسَّاعَةَ هَكَذَا وَيُشِيرُ بِإِصْبَعَيْهِ فَيَمُدُّ بِهِمَا

বাংলা

৬৫০৩. সাহল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমাকে পাঠানো হয়েছে কিয়ামতের সঙ্গে এভাবে। এ বলে তিনি তাঁর দু' আঙ্গুল দ্বারা ইশারা করে সে দুটোকে প্রসারিত করলেন। [1] [৪৯৩৬] (আধুনিক প্রকাশনী- ৬০৫৩, ইসলামিক ফাউন্ডেশন- ৬০৫৯)

English

Narrated Sahl:

Allah's Messenger (ﷺ) said, "I have been sent and the Hour (is at hand) as these two," showing his two fingers and sticking (separating) them out.

ফুটনোট

[1] হাদীসটি কিয়ামত যে অতি সন্নিকটে তার দিকে ইঙ্গিতবহ। শেষ নাবী মুহাম্মদ (সাঃ)'র পৃথিবীতে আগমন কিয়ামতের প্রথম নিদর্শন। কিয়ামতের অনেক আলামাতই প্রকাশিত হয়ে গেছে যা আমরা দেখতে পাচ্ছি। ব্যভিচার ছড়িয়ে পড়ছে, আমানাত বিদায় নিচ্ছে, ইল্ম উঠে যাচ্ছে, ফাসিক ফাজিররা সমাজের নেতৃত্ব দিচ্ছে, গায়ক গায়িকাদের দারুণভাবে কদর করা হচ্ছে। এখন কিয়ামাত কোন মুহূর্তে ঘটবে সেটাতো কেবল আল্লাহই জানেন।



কিয়ামতের পূর্বে কিয়ামতের নিদর্শনসমূহের অগ্রগামিতার হিকমত হল, গাফিলদের সতর্ক করা এবং তাওবাহ ও কিয়ামতের জন্য প্রস্তুতি গ্রহণে উৎসাহ প্রদান। (ফাতহুল বারী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন